

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র

সাভার, ঢাকা-১৩৪৩

www.bpatc.org.bd

সহকারী প্রোগ্রামার-৪ এর দপ্তর

নম্বর ০৫.০১.২৬৭২.১৬৯.১৮.০০৩.১৭.২৭

তারিখ ১২ আশ্বিন ১৪২৪

২৭ সেপ্টেম্বর ২০১৭

### বিজ্ঞপ্তি

বিষয়: ই-নথি সিস্টেমের সর্বশেষ আপডেটসমূহ।

উপর্যুক্ত বিষয়ে কেন্দ্রের সকল কর্মকর্তা-কর্মচারীদের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে ই-নথি সিস্টেমের সর্বশেষ আপডেটসমূহ নিম্নে দেয়া হলো।

**১। ইংরেজি টেমপ্লেইট:** পত্রজারির খসড়া তৈরির জন্য সংশ্লিষ্ট টেমপ্লেইটে যাওয়ার পর পত্রজারির ভাষা “ইংরেজি” সিলেক্ট করতে হবে। এইক্ষেত্রে ইংরেজি টেমপ্লেইট এখন শুধু অফিস স্মারক পত্রের ক্ষেত্রে করা যাবে। দপ্তর বাটনে গিয়ে নথি সেটিং এর অফিস ভিত্তিক পত্রজারি হেডিং সংশোধন এ ইংরেজিতে তথ্য দিলে পত্রের হেডিং ইংরেজিতে অটো আসবে। তাছাড়া, প্রেরক, প্রাপক এবং অনুলিপি সিলেক্ট করলে সংশ্লিষ্ট তথ্য ইংরেজিতে না আসলে উক্ত তথ্য এডিট করে ইংরেজিতে দেয়া যাবে।

**২। দৃষ্টি আকর্ষণ:** পত্রজারি করার সময় অনুমোদনকারী, প্রেরক, প্রাপক এবং অনুলিপি সেট করার মত পত্রের দৃষ্টি আকর্ষণও সেট করা যাবে।

**৩। পৃষ্ঠান্কন বা Endorsement:** নথি সিস্টেমে আগত পত্রকে (পিডিএফ ছাড়া) নথিতে উপস্থাপন করার পর পত্রের উপরের বাবে একটি লাল রঙের পৃষ্ঠান্কন বা Endorsement বাটন থাকবে। উক্ত বাটনে ক্লিক করলে সংশ্লিষ্ট পত্রটি পৃষ্ঠান্কন বা Endorsement করে জারি করা যাবে।

**৪। Floara এডিটর:** নোটসীট বা পত্রের খসড়া করার জন্য আগের এডিটরটি পরিবর্তন করে নতুন একটি এডিটর দেয়া হয়েছে। এই এডিটরটির সুবিধা হলো একই অনুচ্ছেদ বা পত্রে একই ফন্টের লেখা হবে এবং টেবিল কপি পেইন্ট করলে একই থাকবে। নোটসীটে লিংক করার বিভিন্ন ড্রপডাউনগুলো এই এডিটরে রয়েছে। প্রতিটি লিংকের উপর কারসর নিলে ঐ লিংকের কার্যক্রম দেখাবে।

**৫। পত্রজারির পর জাতীয় তথ্য বাতায়নে আপলোড:** পত্রজারি করার পর সংশ্লিষ্ট পত্রটি জাতীয় তথ্য বাতায়নে আপলোড করা যাবে। এই ক্ষেত্রে পত্রজারির পর মাস্টার ফাইলে ক্লিক করে সংশ্লিষ্ট পত্রের উপরে “পোর্টালে প্রকাশ করুন” বাটনে ক্লিক করলে সংশ্লিষ্ট পত্রটি জাতীয় তথ্য বাতায়নে আপলোড হয়ে যাবে।



২৭-৯-২০১৭

মোঃ জাকির হোসেন

সিস্টেম এনালিস্ট (অতিরিক্ত দায়িত্ব)

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) কর্মকর্তা (সকল), বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা-১৩৪৩।

২) রেজিস্ট্রার-এর একান্ত সচিব, বিপিএটিসি, সাভার, ঢাকা-১৩৪৩ (রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৩) কর্মচারী (সকল), বিপিএটিসি, সাতার, ঢাকা-১৩৪৩।